দৈনিক বাংলা

7

তারিখ ... 01 MAR 1997 ...
পৃষ্ঠা 2 কলাম 2

# দেশে ২৭ শতাংশ মাদ্রাসার অস্তিত্ব নেই ঃ শুধুমাত্র সাইনবোর্ড আছে

নিউজ মিডিয়া ঃ দেশে ২৭ শতাংশ মাদ্রাসার অস্তিত্ব নেই। শুধুমাত্র সাইন-বোর্ড আছে। একটি বিশেষ অর্থনৈতিক সমীক্ষা সম্পৃক্ত প্রতিষ্ঠান পরিচালিত বিশেষ জরিপে এ তথ্য প্রকাশ পেয়েছে। মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার উপর জরিপটি পরিচালিত হয়েছে। জরিপে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার বাস্তব অবস্থা সম্পর্কে সরেজমিন তথ্য প্রকাশ করা হয়েছে।

জরিপে দেখা গেছে, এদেশে সাম্প্রতিককালে মাদ্রাসা শিক্ষার দ্রুত প্রসার ঘটেছে। ১৯৯৩ সালে এবতেদায়ী মাদ্রাসার সংখ্যা ছিল ১৬,২০০। সেখানে ছাত্র সংখ্যা ছিল ১৯,১৪,০০০ এবং শিক্ষক সংখ্যা ছিল ৫৮,৫০০। ঐ সালে দাখিল মাদ্রাসার সংখ্যা ছিল ৩,৮০০। সেখানে ছাত্র সংখ্যা ছিল ৩,৯৬,০০০ এবং শিক্ষক সংখ্যা ছিল ৪৬,১০০। একই সালে আলিম মাদ্রাসার সংখ্যা ছিল ৮০৬টি, সেখানে ছাত্র সংখ্যা ছিল ২,৯০,০০০ এবং শিক্ষক সংখ্যা ছিল ১২,৭০০। ফাজিল মাদ্রাসার সংখ্যা ছিল ৮৩২টি। সেখানে ছাত্র সংখ্যা ছিল ৩,৫৫,০০০ ও শিক্ষক সংখ্যা ছিল ১৫,৩১৬। ঐ সালে কামিল মাদ্রাসার সংখ্যা ছিল ১০০। সেখানে ছাত্র সংখ্যা ছিল ৬২,৬০০ এবং শিক্ষক সংখ্যা ছিল ২,৩৭২। মাদ্রাসা শিক্ষার জন্য সরকার গড়ে শিক্ষা বাজেটের ১০ শতাংশ বরাদ্দ করে চলেছে। জরিপ থেকে প্রতীয়মান হয় যে, প্রায় ২৭ শতাংশ মাদ্রাসার হয় অস্তিত্ব নেই বা সাইনবোর্ড মাত্র আছে। শতকরা ৯০ শতাংশ মাদ্রাসার ভৌত অবকাঠামো ভাল নয়।